

নং 11.1

### এক্সিকিউটিভঅর্ডার

## নিউ ইয়র্ক স্টেটে একটি দুর্যোগ জরুরি অবস্থা ঘোষণা

**যেহেতু**, 2020 সালের শুরুর দিকে বিশ্ব স্বাস্থ্য সংস্থা (World Health Organization, WHO) দ্বারা কোভিড-19 বৈশ্বিক মহামারী একটি আন্তর্জাতিক উদ্বেগের জনস্বাস্থ্য জরুরি অবস্থা (Public Health Emergency of International Concern) হিসেবে ঘোষিত হয়েছে;

**যেহেতু**, 2020 সালের 31 জানুয়ারি কোভিড-19 এর প্রতিক্রিয়ায় দেশের স্বাস্থ্যসেবা সম্প্রদায়কে সাহায্য করতে মার্কিন স্বাস্থ্য ও মানবসেবা (United States Health and Human Services) সচিব সম্পূর্ণ মার্কিন যুক্তরাষ্ট্রের জন্য একটি জনস্বাস্থ্য জরুরি অবস্থা ঘোষণা করেছেন

**যেহেতু**, নিউ ইয়র্ক এখন যে হারে কোভিড-19 সংক্রমণ দেখতে পাচ্ছে তা স্টেট 2021 সালের এপ্রিলের পর থেকে দেখেনি।

**যেহেতু**, গত এক মাসে নতুন কোভিড-19 আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি রোগীর সংখ্যা বেড়ে দৈনিক 300 জনের বেশি হয়ে গেছে;

**যেহেতু**, স্টেটজুড়ে আঞ্চলিক চাহিদা পূরণের জন্য হাসপাতালের ধারণক্ষমতা নিশ্চিত করতে স্টেটকে অবশ্যই একটি সমন্বিত পন্থা অবলম্বন করতে হবে;

**যেহেতু**, মিউনিসিপ্যালিটি ও কাউন্টিগুলির কোভিড-19 টিকা ও পরীক্ষা প্রদান ও ব্যবস্থা করার জন্য এবং এমন হারে ভাইরাস সংক্রমণ রোধ করার জন্য তাদের প্রচেষ্টায় স্টেট সরকারকে অবশ্যই তাদের সমর্থন করতে হবে;

**যেহেতু**, একটি নতুন SarCoV2 ভ্যারিয়েন্ট, যা ওমিক্রন নামে পরিচিত, বিশ্ব স্বাস্থ্য সংস্থা এবং সেন্টার্স ফর ডিজিজ কন্ট্রোল অ্যান্ড প্রিভেনশন (Centers for Disease Control and Prevention, CDC) কর্তৃক সনাক্ত করা হয়েছে এবং উদ্বেগের ভ্যারিয়েন্ট হিসেবে ঘোষণা করা হয়েছে;

**যেহেতু**, ভ্যারিয়েন্টটি নিউ ইয়র্কসহ মার্কিন যুক্তরাষ্ট্রের 50টি স্টেটের সবকয়টিতে এবং 104টি কাউন্টিতে সনাক্ত করা হয়েছে;

**যেহেতু**, ওমিক্রন ভ্যারিয়েন্টটি উচ্চ সংক্রমণশীল এবং সূচকীয় হারে বৃদ্ধি পেতে পারে;

**যেহেতু**, বর্তমান টিকাসমূহ ওমিক্রন সংক্রমণের বিরুদ্ধে কার্যকর হচ্ছে বলে মনে হচ্ছে না, কিন্তু গুরুতর রোগের বিরুদ্ধে এখনো শক্তিশালী রয়েছে;

এখন, অতএব, আমি, ক্যাথি হোকল, নিউ ইয়র্ক স্টেটের গভর্নর, নিউ ইয়র্ক স্টেটের সংবিধান এবং নির্বাহী আইনের ধারা 28, অনুচ্ছেদ 2-B কর্তৃক আমার উপর ন্যস্ত কর্তৃত্ব দ্বারা, এখন থেকে 2022 সালের 25 জানুয়ারি পর্যন্ত নির্বাহী আদেশ 11-র শর্তাবলী, এবং রদ অব্যাহত রাখার ঘোষণা করছি।

**উপরন্তু,** নির্বাহী আইনের 2-B অনুচ্ছেদের 29-a ধারা অনুযায়ী আমার উপর ন্যস্ত স্টেটের দুর্যোগপূর্ণ জরুরি অবস্থায় যেকোনো এজেন্সির যেকোনো সংবিধি, স্থানীয় আইন, অধ্যাদেশ, আদেশ, নিয়ম, বা প্রবিধান বা তাদের যেকোনো অংশ সাময়িকভাবে স্থগিত বা সংশোধন করার কর্তৃত্ব দ্বারা, যদি এমন সংবিধি, স্থানীয় আইন, অধ্যাদেশ, আদেশ, নিয়ম, বা প্রবিধান মানার ফলে দুর্যোগ জরুরি ব্যবস্থা সামাল দেওয়ার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ প্রতিরোধ, বাধাগ্রস্ত বা বিলম্বিত করে বা যদি এমন দুর্যোগ সামাল দেওয়ার জন্য সাহায্য সহযোগিতা করার জন্য প্রয়োজন হয়, তাহলে আমি এতদ্বারা এই নির্বাহী আদেশের তারিখ থেকে 2022 সালের 25 জানুয়ারি তারিখ পর্যন্ত নিচের স্থগিতাদেশ বা পরিবর্তন ঘোষণা করছি:

- পাবলিক হেলথ আইনের অনুচ্ছেদ 5-র শিরোনাম V এবং নিউ ইয়র্ক কোডস রুলস অ্যান্ড রেগুলেশন্সের (New York Codes, Rules and Regulations, NYCRR) শিরোনাম 10-র উপ-অংশ 19 এবং 58, সেই পরিসর অবধি পরিবর্তন করা বা সংশোধন করা যাতে যেসকল ল্যাবরেটরিগুলি একটি ক্লিনিক্যাল ল্যাবরেটরি ইম্প্রুভমেন্ট অ্যাক্টস (Clinical Laboratory Improvement Acts, CLIA) সনদ ধারণ করে এবং 42 কোড অফ ফেডারেল রেগুলেশন্স (Code of Federal Regulations, CFR) উপ-ভাগ H, J, K এবং M এ বর্ণিত CLIA এর মানদণ্ড অনুসরণ করে, তারা নিউ ইয়র্ক স্টেটের ব্যক্তিদের থেকে সংগৃহীত নমুনায় SARS-CoV-2 সনাক্ত করার জন্য পরীক্ষা সম্পাদন করতে পারে;
- বাস্তব সম্পত্তি কর আইনের (Real Property Tax Law) ধারা 459-c এর সাবডিভিশন 7, 7-a এবং 8 এবং বাস্তব সম্পত্তি কর আইনের ধারা 467 এর সাবডিভিশন 5, 5-a, 5-b, 5-c এবং 6 সেই পরিসর অবধি সংশোধন করা যা প্রয়োজন একটি মূল্যায়নকারী ইউনিটের গভর্নিং বডি একটি রেজোলিউশন পাশ করার জন্য 2022 এর মূল্যায়নের রোলার সংশ্লিষ্ট সেকশন অনুযায়ী ছাড় প্রদানের জন্য সেই সকল সম্পত্তির মালিকদের যারা 2021 মূল্যায়নের রোলে সেই ছাড় প্রাপ্ত হন, যার ফলে সেই সকল ব্যক্তির থেকে নবায়নের আবেদনপত্রের প্রয়োজন আর থাকে না, এবং তাদের কাছে মূল্যায়নকারীদের নবায়নের আবেদনপত্র পাঠানোর প্রয়োজনীয়তাও থাকে না। কিন্তু এই শর্তে যে গভর্নিং বডি, তার বিকল্প হিসেবে, এই ধরনের রেজোলিউশনে এমন প্রক্রিয়া অন্তর্ভুক্ত করতে পারে যার দ্বারা মূল্যায়নকারী একটি নবায়নের আবেদন দাখিল করা প্রয়োজনীয় করতে পারে যখন তার বিশ্বাস করার কারণ থাকে যে একজন মালিক যিনি 2021 মূল্যায়ন রোলে অব্যাহতি পাওয়ার যোগ্য হয়েছিলেন, তিনি হয়ত তার প্রাথমিক বাসস্থান পরিবর্তন করে থাকতে পারেন, চুক্তিতে একটি নতুন মালিককে যোগ করে থাকতে পারেন, সম্পত্তিটি একটি নতুন মালিকের কাছে হস্তান্তর করে থাকতে পারেন, অথবা মারা গেছেন;
- পাবলিক অফিসার্স আইনের অনুচ্ছেদ 7 সেই পরিসর অবধি যা ও অ্যাসেম্বলিকে প্রয়োজনমতো মিটিং করা এবং আইন অনুমোদিত এমন পদক্ষেপ দূরবর্তী কনফারেন্স কল বা এধরনের সেবার মাধ্যমে করার অনুমতি প্রদান করার জন্য এবং অন্যথায় 2021 সালের আইনের অধ্যায় 417-র অংশ E-র প্রবিধান অনুযায়ী পদক্ষেপ গ্রহণ করার অনুমতি প্রদানে প্রয়োজনীয়।

আমার স্বহস্তে এবং স্টেটের নিজস্ব সীলমোহরের

অধীনে, অ্যালবানি শহরে দুই হাজার

একুশ সালের ডিসেম্বর মাসের

ছাব্বিশতম দিনে এটি প্রদান করা

হলো।

গভর্নর কর্তৃক

গভর্নরের সচিব